# শিল্পাঞ্চলের নিরাপত্তায় তিন জেলায় বিজিবির ৩৩ প্লাটুন মোতায়েন




ছবি: সংগৃহীত

ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জের বিভিন্ন শিল্প এলাকায় নিরাপত্তা জোরদার করতে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) ৩৩ প্লাটুন সদস্য মোতায়েন করা হয়েছে।

রোববার (৮ নভেম্বর) সকালে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় বিজিবি।

বিজ্ঞপ্তি অনুযায়ী, ঢাকার সাভার, আশুলিয়া ও মিরপুর; নারায়ণগঞ্জের শিবু মার্কেট, জালকুড়ি, বিসিক শিল্পনগরী, চাষাঢ়া, কাঁচপুর ও শিমরাইল এবং গাজীপুরের চন্দ্রা, পল্লীবিদ্যুৎ, মৌচাক, আমবাগ, কাশিমপুর, নাওজোর, ভোগড়া বাইপাস, গাছা ও সালনায় দায়িত্ব পালন করছেন বিজিবি সদস্যরা।

মাঠপর্যায়ের কার্যক্রম পর্যবেক্ষণে বিজিবি সদর দপ্তরে প্রযুক্তিনির্ভর মনিটরিং সেল চালু রয়েছে। সেখান থেকে সরাসরি ভিডিও ফুটেজের মাধ্যমে সার্বক্ষণিক নজরদারি করা হচ্ছে। পাশাপাশি স্থানীয় প্রশাসন ও পুলিশের সঙ্গে সমন্বয় করে কাজ করছেন মোতায়েন করা সদস্যরা।

শিল্পাঞ্চলে স্বাভাবিক ও নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখা এবং জনসাধারণের জানমালের সুরক্ষা নিশ্চিত করতে এ মোতায়েন ও নজরদারি কার্যক্রম চলমান থাকবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।